

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৭, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪২৮/ ২৫ মে ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০(অংশ-১)-২৭৩।—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে ২১ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত ও একই তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ১১.০০.০০০০.৮৬৩.০৯.০০১.১৯-৫৩ মোতাবেক জাতীয় সংসদের ২৫৩ কুমিল্লা-৫ আসনটি ১৪ এপ্রিল ২০২১ তারিখে শূন্য হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) অনুযায়ী উক্ত শূন্য পদ পূরণ করিবার জন্য ১২ জুলাই ২০২১ তারিখের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধান রহিয়াছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের মতে দেশে করোনা ভাইরাস সংক্রমণজনিত দৈব-দুর্বিপাকের কারণে এই দফার নির্ধারিত মেয়াদ অর্থাৎ শূন্য হইবার নব্বই দিনের মধ্যে উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান সম্ভব হইবে না। এমতাবস্থায়, জাতীয় সংসদের ২৫৩ কুমিল্লা-৫ শূন্য আসনের নির্বাচন নির্ধারিত মেয়াদের মধ্যে অনুষ্ঠান সম্ভব না হওয়ায় পরবর্তী নব্বই দিনের মধ্যে অনুষ্ঠিত হইবে। নির্বাচনের তফসিল পরবর্তীতে যথাসময়ে ঘোষণা করা হইবে।

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার  
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৭৮০৫ )

মূল্য : টাকা ৪.০০